# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: ১ ০ ১

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

**১.** ▶ স্বামীর প্রচণ্ড অবহেলা ও চিকিৎসার অভাবে ধীরে ধীরে মৃত্যুর কোলে ঢলে পড়ে অসুস্থ সুহাসিনী। নির্বিকার চিত্তে অমলেশ স্ত্রীর শেষ মুখাগ্নিটুকু পর্যন্ত করে না। পাড়া প্রতিবেশিরাই তাকে মাটি চাপা দেয়। সুহাসিনীর দু'বছরের পুত্র সুভাষ বাবার অনাদার ও সৎ মায়ের নির্যাতনের মধ্যে বড় হতে থাকে। একদিন বিনা অনুমতিতে সামান্য একটা নাড়ু খাবার অপরাধে ভীষণ মারধরের শিকার হয়ে বাড়ি ছাড়ে ১৪ বছরের কিশোর সুভাষ। জড়িয়ে পড়ে অপরাধমূলক কর্মকাণ্ডে।

ক. জমিদারের গোমস্তা কে? ১

খ. "সব ব্যাটারাই এখন বামুন কায়েত হতে চায়" — মুখুয্যপুত্রের এ কথা বলার কারণ কী? ২

গ. কাঙালীর সাথে উদ্দীপকের সুভাষ চরিত্রের বৈসাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুহাসিনী "অভাগীর স্বর্গ" গল্পের অভাগীর সম্পূর্ণ প্রতিরূপ হয়ে ওঠেছে কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ ফরাসিদের পারী নগরীর নামে পৃথিবীসুদ্ধ লোক মায়াপুরীর স্বপ্ন দেখে। সাহিত্য, চিত্রকলা, ভাস্কর্য, সুগন্ধিশিল্প, স্থাপত্য, বাস্তু ও নাট্যকলায় সভ্য জগতের শীর্ষে সে। এর একটি দ্বারা ধনবান পর্যটকদের যেমন আকর্ষণ করে, অন্যান্য নিঃসম্বল শিল্পী, ভাবুক ও বিদ্যার্থীর জন্য মুক্ত, এখানকার মানুষ খুব গোলমাল প্রিয় আর অতিরিক্ত রকম বাচাল, অনেক বিশ্রামপ্রিয়। তবে খুব খাটতে পারে বলেও তাদের সুনাম আছে। মেয়েরা কাজের অবসরে গল্প করার সময়ও সৌখিন জামা সেলাই করে।

ক. সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ রচনার নাম কী? ১

খ. "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।" লেখকের এ কথা বলার কারণ কী? ২

গ. পালামৌর পরগণার অধিবাসিদের সঙ্গে পারীর অধিবাসিদের পার্থক্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের পারী নগরী পালামৌ অঞ্চলের বিপরীত চিত্র তুলে ধরেছে" — মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ সমাজের মেহনতি মানুষ আহার পায়ে বাঁচে, আঘাত পায়ে মরে, যেটাকে পায় সেটাকেই বিনা তর্কে মেনে নেয়। কিন্তু যাঁরা মহাপুরুষ, চিন্তাশীল তাঁরা

Teachingbd.com

আপন চিন্তা, পুরুষ ও মহিলা দ্বারা সমাজ, সংস্কার ও যুগধর্মের বিরুদ্ধে দাঁড়িয়ে যুদ্ধ করেন। পরাধীনতা, লাঞ্ছনা আর বঞ্চনা উপেক্ষা করে সমগ্র জাতি সারাবিশ্বে মাথা উঁচু করে দাঁড়াক এটাই তাদের কামনা।

ক. কাদের অন্তর কাঁচের ন্যায় স্বচ্ছ? ১

খ. সারাবিশ্ব তোমাকে নমস্কার করবে কেন? ২

গ. উদ্দীপকের মেহনতি মানুষেরা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজ, জাতি ও দেশের প্রয়োজনে মহাপুরুষেরা কীভাবে অবদান রাখতে পারেন? উদ্দীপক ও প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.▶** বৃটিশ ভারত। দারোগা নূর মোহাম্মদ পুরস্কার ঘোষিত স্বদেশি আন্দোলনের অন্যতম আসামিকে হাতের নাগালের মধ্যে পেয়েও তাকে ছেড়ে দেন। অর্থ পুরস্কারের মোহকে অতিক্রম করে তিনি দেশের স্বাধীনতার জন্য কাজ করে যাওয়া বিপ্লবী চেতনার সঙ্গে একাত্ম হয়ে গেছেন।

ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? ১

খ. আত্মার অমৃত উপলব্ধি করা যায় না কেন? ২

গ. নূর মোহাম্মদের কাজে শিক্ষার অপ্রয়োজনীয় দিকটির সাদৃশ্য কোথায়? ৩

ঘ. "অর্থের মোহকে অতিক্রম করে নূর মোহাম্মদ প্রমাণ করেছেন তার আত্মিক মৃত্যু ঘটে নাই" — উক্তিটির যথার্থতা 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে নিরূপণ কর। ৪

## খ অংশ — পদ্য

**৫.▶** বিষাদ বিষাদ বিষাদ বলিয়া, কেনই কাঁদো গো জীবন ভরে দুখের ফাঁস দুরাশার ভেরী, নৈরাশ চিৎকার ভাঙ্গো না তায় মানবের মন এতই কি অসার? এতই সহজে নুইয়া পড়ে।

ক. 'আকিঞ্চন' শব্দের অর্থ কী? ১

খ. কবি বাহ্যদৃশ্যে মন ভুলতে নিষেধ করেছেন কেন? ২

গ. উদ্দীপকটিতে 'জীবন সঙ্গীত' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানব মনের অসারতা দূরীকরণের মাধ্যমেই জীবনে সফলতা লাভ সম্ভব"— 'জীবন সঙ্গীত' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.▶** স্বপনেরা ছিল প্রথমে উনিশ জন। পরে ন'জন। এখন আবার বেড়ে সাতাশ। নানা বয়সের, ধর্মের, মতের। কেউ ছাত্র, কেউ দিনমজুর, কৃষক কিংবা মধ্যবিত্ত কেরানি, পাটের দালাল, পদ্মাপারের জেলে। তবে রাইফেল কাঁধে যখন তারা পাকিস্তানি হানাদারদের সন্ধানে বের হয় তখন মনে হয় তাদের অস্তিত্ব ও লক্ষ্য দুই এক।

Teachingbd.com

ক. ভগ্নস্তূপে দাঁড়িয়ে একটানা আর্তনাদ করল কে? ১

খ. 'আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়?'— কবি এ কথা বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে "তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতার কোন দিকটির সাদৃশ্য রয়েছে?— ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় বর্ণিত দিক গুলির একটি মাত্র দিক উপস্থিত"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৭.▶** খোকা মাকে শুধায় ডেকে, এলেম আমি কোথা থেকে
কোনখানে তুই কুড়িয়ে পেলি আমাকে
মা শুনে কয় হেসে কেঁদে, খোকারে তার বুকে বেঁধে
ইচ্ছে হয়ে ছিলি মনের মাঝারে
আমার চিরকালের আশায়, আমার সকল ভালোবাসায়
হারাই হারাই ভয়ে গো তাই, বুকে চেপে রাখতে যে চাই
কেঁদে মরি একটু সরে দাঁড়ালে

ক. ঘরের চালে কে ডাকে? ১

খ. 'মোসলমানের আড়ঙ দেখিতে নাই'— মায়ের এ কথার বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের খোকার সাথে "পল্লিজননী" কবিতার ছেলেটির পার্থক্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতা উভয়ক্ষেত্রেই মমতাময়ী মায়ের চিরন্তন রূপটির প্রকাশ ঘটেছে" — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## গ অংশ — সহপাঠ

**৮.▶** ছোট মফস্বল শহরের অষ্টম শ্রেণির ছাত্র রাশেদ। একদিন পাকিস্তানি হানাদার বাহিনী সেখানে আক্রমণ করে ঘরবাড়ি, দোকানপাট পুড়িয়ে দেয়। সামনে যাকে পায় গুলি করে মারে। এসব দেখে রাশেদের চোখে মুখে তাদের প্রতি আগুন জ্বলে ওঠে। মুক্তিবাহিনীতে যোগ দেয়। এক সম্মুখ যুদ্ধে মুক্তিযোদ্ধা রফিক শত্রুর হাতে ধরা পড়লে বন্ধুদের সহায়তায় রাশেদ তাকে রক্ষা করে। বন্ধুরা পরিবারের সাথে নিরাপদ স্থানে চলে গেলেও সে সেখানে থেকে মোকাবিলা করার সিদ্ধান্ত নেয়। কিন্তু এক যুদ্ধে হানাদার বাহিনীর গুলিতে মৃত্যুর কোলে ঢলে পড়ে সে।

ক. আধুনিক উপন্যাসের সূত্রপাত ঘটে কোথায়? ১

খ. মিঠু লুকিয়ে লুকিয়ে থাকে কেন? ২

গ. রাশেদের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মিল কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুক্তিযোদ্ধা রফিককে "কাকতাড়ুয়া" উপন্যাসের "শাহাবুদ্দিনের" প্রতিচ্ছবি বলা যায় কি? মতামত দাও। ৪

http://teachingbd.com

৯.▶ অসংখ্য মানুষ ছুটছে। তাদের পাড়ি দিতে হচ্ছে দীর্ঘপথ। যেতে যেতে দেখছে পথে, নদীতে, বনভূমিতে, অসংখ্য মানুষের লাশ। সকলেই নিরাপদ আশ্রয়ের খোঁজে ছুটছে। চোখে মুখে কী এক অস্থির আতংক।

ক. বুধাকে মানিক রতন ডাকে কে? ১

খ. আলীর কাছ থেকে বুধার কেরোসিন চেয়ে আনার কারণ কী? ২

গ. উদ্দীপকে "কাকতাড়ুয়া" উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক প্রতিচ্ছবি মাত্র" — উক্তিটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০.▶ লক্ষ্মীপুরে পীর সেজে সাধারণ মানুষের সঙ্গে প্রতারণার অভিযোগে আলী হায়দার ওরফে আলী বাবা নামে ৬০ এক ভণ্ড পীরকে গ্রেফতার করেছে পুলিশ। আলী বাবা পীর সেজে বন্ধ্যা মহিলাদের সন্তানদান, বিদেশে তদবিরের লোক পাঠানো, কারাগারে আটক ব্যক্তিদের ছাড়িয়ে আনার ব্যবস্থা করা সহ সাধারণ মানুষদের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়।

ক. বহিপীরের বাড়ি কোথায়? ১

খ. হাতেম আলির মনে আর কোন ভয় আশংকা নেই কেন? ২

গ. উদ্দীপকের আলী বাবা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের সমগ্রভাবের প্রকাশ ঘটেছে কী? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ মৌলবী সাহেবের তিন বউয়ের মধ্যে সবচেয়ে ছোট জমিলা। বয়স সতের। সারাদিন সংসারের কাজকর্ম করে ফরমাশ খাটে। তারপরও পর্দা প্রথা, ধর্ম-কর্ম পালন সঠিকভাবে করছে না বলে দুই তিন দিন পরপর জমিলার ওপর হাত তোলেন মৌলবী সাহেব। দরিদ্র পিতামাতার কথা চিন্তা করে নিরীহ মেয়েটি সকল অত্যাচার মুখ বুঝে সহ্য করে যায়।

ক. কত বছর পূর্বে বহিপীরের প্রথম স্ত্রীর মৃত্যু হয়? ১

খ. বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ২

গ. জমিলার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার পার্থক্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মৌলবী সাহেবকে বহিপীরের প্রতিরূপ বলা যায় কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. দীনবন্ধু মিত্রের বিখ্যাত নাটক কোনটি?**
ⓚ জমিদার দর্পণ  ⓚh নীল দর্পণ
ⓖ সাজাহান  ⓖh চিত্রাঙ্গদা

**২. কবি বিদ্যুৎকে কার সঙ্গে তুলনা করেছেন?**
(ক) কন্যার  (খ) পরির
(গ) আলোর  (ঘ) বৃষ্টির

**৩. শেষ মুহূর্তে অভাগী কার পায়ের ধুলা নিতে চাইল?**
(ক) অধর রায়ের
(খ) ব্রাহ্মণ ঠাকুরের
(গ) রসিকের
(ঘ) জমিদারের

**৪. চেঙ্গিস খান কোন দেশের অধিবাসী ছিলেন?**
(ক) চীন  (খ) মঙ্গোলিয়া
(গ) ইরান  (ঘ) ভারত

**উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জামান বাবার সাথে সিলেটের জাফলং যাচ্ছিল। রাস্তা থেকে পাহাড়ের সৌন্দর্য দেখে গাড়ি থামাতে বলে। তারপর নেমে সেদিকে দৌড়াতে শুরু করে। বাবা বোঝাতে চায় ঐ পাহাড় অনেক দূর কিন্তু জামান তা কিছুতেই বিশ্বাস করতে চায় না।

**৫. উদ্দীপকের জামান 'পালামৌ' রচনার যার সাথে সাদৃশ্যপূর্ণ—**
(ক) লেখক  (খ) গাড়ওয়ান
(গ) বঙ্গবাসী  (ঘ) প্রতিবেশীর

**৬. উভয়ের মধ্যে যে বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে—**
(ক) নির্বুদ্ধিতা  (খ) ভ্রম
(গ) একগুঁয়েমি  (ঘ) সাহস

**৭. অন্ধবধূর দৃষ্টিশক্তি নেই, কিন্তু আছে—**
i. তীক্ষ্ণ অনুভূতি
ii. অবরুদ্ধ আবেগ
iii. আত্ম-অহমিকা

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**৮. মধ্যবিত্তের হাতে সেদিন ছিল মৃত্যু আর চোখে ছিল—**
(ক) ঝিলিক  (খ) স্বপ্ন
(গ) বাসনা  (ঘ) তীব্র চাহনি

**৯. নদীতে খালি কী দেখতে পায় তাহেরা?**
(ক) নৌকা  (খ) বজরা
(গ) পদ্ম পলাশ  (ঘ) কচুরিপানা

**১০. ক্যাম্প থেকে যাওয়ার পর বুধার কী হয়েছিল?**
(ক) কলেরা  (খ) ডায়রিয়া
(গ) পোলিও  (ঘ) জ্বর

**১১. মানুষের জীবনে কয়টি সত্তা কার্যকর রয়েছে?**
(ক) একটি  (খ) দুটি
(গ) তিনটি  (ঘ) চারটি

**১২. ট্যাক্স কোন রঙের?**
(ক) জলপাই  (খ) লাল
(গ) কমলা  (ঘ) নীল

**১৩. 'তত্ভব' শব্দ বলতে কী বোঝায়?**
(ক) খাঁটি বাংলা শব্দ  (খ) খাঁটি হিন্দি শব্দ
(গ) খাঁটি দেশি শব্দ  (ঘ) খাঁটি উর্দু শব্দ

**১৪. ইংরেজ ললনাদের নির্লজ্জ পরিচ্ছদ ব্যবহার করেন না—**
i. লজ্জাবতী লতিকারা
ii. অর্ধাঙ্গী- হেমাঙ্গীরা
iii. কৃষ্ণাঙ্গীগণ

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৫. মমতাদির বেতন কত টাকা নির্ধারণ করা হয়েছিল?

ⓚ ১০ টাকা ⓚ ১২ টাকা
ⓖ ১৫ টাকা ⓖ ১৮ টাকা

উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

চন্দন পালঙ্কে শুয়ে একা একা কী হবে, জীবনে তোমার যদি পেলাম না।

১৬. এখানে অন্ধবধূর কোন অভিব্যক্তি প্রকাশিত হয়েছে?

ক বিরহজ্বালা খ আত্মগ্লানি
গ জীবনের প্রতি বিরাগ ঘ কান্না

১৭. এ অভিব্যক্তির মূলে রয়েছে—

i. প্রিয়সঙ্গ কামনা
ii. নিঃসঙ্গতাবোধ
iii. অপ্রাপ্তিবোধ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. বাঁশবনে বসে কোন পাখি ডাকে?

ক কোকিল খ কানাকুয়ো
গ হুতুম ঘ দোয়েল

১৯. নিরুপমা কার মুখ দেখে সব বুঝতে পারল?

ক শাশুড়ির খ শ্বশুরের
গ বাপের ঘ ভাইয়ের

২০. মধুর কী ভাবে মৃত্যু হয়েছিল?

ক গুলিতে খ আগুনে পুড়ে
গ পানিতে ডুবে ঘ সড়ক দুর্ঘটনায়

২১. শিক্ষার মাধ্যমে কীসের বিকাশ ঘটে?

ক মূল্যবোধের
খ মনুষ্যত্বের
গ জ্ঞানের
ঘ নৈতিক মূল্যবোধের

২২. 'ভ্রান্তির ছলনে' বলতে কবি বুঝিয়েছেন—

i. নিশায় স্বপনে
ii. নদীর কলধ্বনি
iii. বঙ্গের সঙ্গীত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. একটু অস্থির প্রকৃতির মানুষ ছিল কে?

ক বহিপীর খ তাহেরা
গ হাতেম ঘ হাশেম

২৪. আকাশের তারার সাথে 'ঝর্ণা' কবিতায় কার তুলনা করা যায়?

ক ঝর্ণার খ পাহাড়ের
গ চাঁদের ঘ ডালিমের

২৫. ডেমোক্রেসি কীসের সার্থকতা বোঝে?

ক সাহিত্যের খ শিল্পের
গ চারুকলার ঘ অর্থের

২৬. সর্বজয়ার স্বভাব ছিল—

i. চুপচাপ থাকা
ii. গল্প করা
iii. আলস্যে ভরা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. নওরোজ কোন ভাষার শব্দ?

ক হিন্দি খ ফারসি
গ আরবি ঘ সংস্কৃত

২৮. আহাদ মুন্সি বুধাকে কী বলেছিল?

ক বেয়াদব খ বুদ্ধিহীন
গ পাগল ঘ মাতাল

২৯. দেবী অন্নপূর্ণা কোথায় আবির্ভূত হন?

ক গয়ায় খ কাশীতে
গ নবদ্বীপে ঘ বারানসীতে

৩০. বর্ষণমুখর দিনে কোনটি শিহরায়?

ক জবা খ গোলাপ
গ কেয়া ঘ গাঁদা

Teachingbd.com

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

http://teachingbd.com